MAY 1 8 2002

রের কাগজ

# ছোটদের উপযোগী শিক্ষামূলক ও গেমস সফটওয়্যার

শিশুদের জন্য বিভিন্ন ধরনের সফটওয়্যার বাজারে পাওয়া যাচ্ছে। এগুলোর বেশির ভাগই বিনোদন ও শিক্ষামূলক। শিক্ষামূলক সফটওয়্যারগুলোতেও রয়েছে বিনোদনের মাধ্যমে শেখার ব্যবস্থা। এই সফটওয়্যারগুলো ২ থেকে ১১ বছর বয়সী শিশুদের ব্যবহারের জন্য। যে শিশুটি অন্তত মাউস ক্লিক করতে পারে তার জন্যও রয়েছে শেখার ব্যবস্থা। এর রকম কিছু সফটওয়্যার সম্পর্কে তথ্য দেওয়া হলো।

প্রি-স্কুল

২ থেকে ৪ বছর বয়সী শিশুদের ব্যবহারের জন্য। এই সফটওয়্যারে শেখার জন্য রয়েছে প্রি-রিডিং লেটার, নম্বর, শেড, কালার, অ্যালফাবেট, ভাওয়েল সং এবং ফোনিক্স। মূল্য পড়বে ১ হাজার টাকা।

কিন্ডার গার্টেন

৪ থেকে ৬ বছর বয়সী শিশুদের ব্যবহারের জন্য। এতে শেখা যাবে প্রি-রিডিং, অ্যালফাবেট, লেটার কম্বিনেশন, কাউন্টিং, অবজারভিং, সলভিং, প্রবলেম, শেপ, কালার, সময় জ্ঞান, বানান, সাহিত্য, ভূগোল, অঙ্ক, বিজ্ঞান, মৌলিক গ্রামার, ইতিহাস ইত্যাদি।

উল্লেখযোগ্য কিছু সফটওয়্যার

১৮ মাস থেকে ৩ বছর পর্যন্ত শিশুদের জন্য রয়েছে 'টডলারস'। দাম পড়বে ১ হাজার টাকা। ২ থেকে ৪ বছর বয়সী শিশুদের জন্য 'প্রি-স্কুলস' দাম পড়বে ১ হাজার টাকা, 'প্রি-কিন্ডার গার্টেন' ৩ থেকে ৪ বছর



বয়সী শিশুদের জন্য। দাম ১ হাজার টাকা। ৪ থেকে ৬ বছর বয়সীদের জন্য 'কিন্ডার গার্টেন'। দাম পড়বে ১ হাজার টাকা। 'আই লাভ স্পেলিং' ৭ থেকে ১১ বছর বয়সী শিশুদের জন্য। দাম পড়বে ২ হাজার ১০০ টাকা। 'আই লাভ ম্যাথ' ৭ থেকে ১১ বছর বয়সীদের জন্য। দাম ২ হাজার ১০০ টাকা। 'অ্যামাজিন




ডিকশনারি' ৩ থেকে ৭ বছর বয়সীদের জন্য। দাম পড়বে ২ হাজার ৩০০ টাকা। সব বয়সীদের জন্য রয়েছে 'ফানপ্যাক' দাম ১ হাজার ৬৫০ টাকা। 'পেইন্ট এন্ড প্রিন্ট-স্টুডিও' রয়েছে ৩ থেকে ৮ বছর বয়সীদের জন্য। দাম ১ হাজার ৬৫০ টাকা। এডভান্স স্পিকিং ইংলিশ ১০ বছরের উর্ধ্বে বয়েসীদের জন্য। দাম ১ হাজার টাকা। ডাইনোসর ৬ থেকে ১০ বছর বয়সীদের জন্য। দাম পড়বে ১ হাজার ৮০০ টাকা। 'অ্যানিমেল' ৬ থেকে ১০ বছর বয়সী শিশুদের জন্য। দাম প্রায় ১ হাজার ৮০০ টাকা। 'বেইন ফরেস্ট' ৬ থেকে ১০ বছর বয়সীদের জন্য। দাম ১ হাজার ৮০০ টাকা। 'হিউম্যান বডি' ৬ থেকে ১০ বছর বয়সীদের জন্য। দাম পড়বে ১ হাজার ৮০০ টাকা। ১ হাজা ৮০০ টাকা মূল্যের আরো একটি সফটওয়্যার ৬ থেকে ১০ বছর বয়েসীদের জন্য। নাম 'ইনসাইড দ্যা আর্থ'।

গেমস সফটওয়্যার

'শ্যাডো ওয়্যারিয়র', 'মা বাস', 'ডিউজ', 'শকি' এসব গেমস সফটওয়্যারের দাম প্রতিটি ৬৫০ টাকা করে। 'জেমসবন্ড' গেমস সফটওয়্যারের দাম পড়বে ২০০ টাকা। 'দ্য ডে দ্য ওয়ার্ল্ড ব্রুক' ১ হাজার ২০০ টাকায় পাওয়া যাবে 'টোটাল স্পোর্টস' দাম পড়বে ২ হাজার ১৫০ টাকা।

❑ মুহাম্মদ আতিক দর্জি